# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

প্রতিষ্ঠান শাখা-২

www.rdcd.gov.bd

স্মারক নং: ৪৭.০০.০০০০.০৪৭.০৬.০৯২.২০-১৬১

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩২ / ২১ এপ্রিল ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর নিম্নবর্ণিত শূন্য পদে চুক্তিভিত্তিক নিয়োগদানের উদ্দেশ্যে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর/সমমান ডিগ্রিসহ সরকারি/আধা-সরকারি/স্ব-শাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে পল্লী উন্নয়ন/ক্ষুদ্রঋণ/ দারিদ্র্য বিমোচন/ সমবায়-এর ক্ষেত্রে উচ্চপদে দায়িত্ব পালনের বিশেষ পারদর্শিতাসহ পেশাগত জীবনে কমপক্ষে ২৫ (পঁচিশ) বছরের অভিজ্ঞতা। |

**শর্তাবলি:**

১। চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ হবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর;

২। চুক্তিভিত্তিক নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা ৬১ (একষট্টি) বছর। 'পরিচালনা পর্ষদ' ব্যবস্থাপনা পরিচালকের কাজের মূল্যায়নের ভিত্তিতে তাঁর চুক্তির মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) বছরের জন্য ২ (দুই) বার বৃদ্ধি করতে পারবে। তবে, বয়সসীমা হবে সর্বোচ্চ ৬৭ (সাতষট্টি) বছর;

৩। প্রার্থীর অভিজ্ঞতা ও যোগ্যতার ভিত্তিতে আলোচনার মাধ্যমে ভাতাদিসহ বেতন (সাকুল্যে) নির্ধারণযোগ্য।

৪। ড্রাইভারসহ সার্বক্ষণিক ০১ (এক)টি গাড়ি ব্যবহারের সুবিধা দেয়া হবে;

৫। ফাউন্ডেশনের 'পরিচালনা পর্ষদ' কর্তৃক সময়ে সময়ে এ সকল শর্তাবলি সংশোধনযোগ্য;

৬। আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা, কর্ম-অভিজ্ঞতা এবং অন্যান্য তথ্যাদির বিশদ বিবরণ উল্লেখ করে পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত-২ কপি) সংযুক্ত করে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর ভবন, (১২ তলা), গুলিস্তান, ঢাকা-১০০০। বরাবর রেজিস্টার্ড ডাকযোগে দরখাস্ত পৌঁছাতে হবে;

৭। শুধুমাত্র 'Short listed' প্রার্থীগণের সাক্ষাৎকার গ্রহণ করা হবে; এবং

৮। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা নিয়োগ প্রদানের সিদ্ধান্ত বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবে।

২১.০৪.২০২৫

(ড. অশোক কুমার বিশ্বাস)
উপসচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৪০০৩
e-mail:org2@rdcd.gov.bd

GD-11633(8x4)